রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৩১, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ই ভাদ্র, ১৪০১/৩১শে আগস্ট, ১৯৯৪

এস, আর, ও নং ২৬৩-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনামা।— এই বিধিমালা প্রধানমন্ত্রীর কার্যালয়ের নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধি, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদের জন্য তফসিলের কলাম-৫এ উল্লিখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ; এবং

(ছ) "স্বীকৃত ইন্সটিটিউট" বা "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইন্সটিটিউট এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য : টাকা ৪.০০

৩। **নিয়োগ পদ্ধতি।**— (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে ; উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন সময়ের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**— (১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্হায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্হ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্হ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষের তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্হ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্হানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণীর পদে এবং ৩য় বা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসী।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসী মেয়াদ এক বা একাধিকবারে এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসী মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ সফলতার সহিত সম্পন্ন করেন।

৭। **রহিতকরণ।**—প্রধানমন্ত্রীর সচিবালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও,-২৮৭ আইন/৮৭, তারিখ ২৭শে অগ্রহায়ণ, ১৩৯৪/১৪ই ডিসেম্বর, ১৯৮৭-দ্বারা জারীকৃত প্রধানমন্ত্রীর সচিবালয়ের নন-ক্যাডার গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৮৭ এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
| --- | --- | --- | --- | --- |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সিষ্টেমস এনালিষ্ট | ২৯—৪০ বৎসর | ১। প্রোগ্রামার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>প্রোগ্রামার পদে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সিষ্টেম এনালাইসিসের কাজে প্রমাণিত দক্ষতা তবে বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য। |
| | | | ২। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের বা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা, গণিত, পরিসংখ্যান, অর্থনীতি, বাণিজ্য, সমাজবিজ্ঞান বা ব্যবসায় প্রশাসনে মাষ্টার ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী।<br>(খ) পেশাগত কম্পিউটার সোসাইটির সদস্য হইতে হইবে;<br>(গ) কোন সংস্থার সহকারী প্রোগ্রামার হিসাবে বা প্রোগ্রামিং কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা, অথবা কম্পিউটার বিজ্ঞানে বা ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রীধারীর ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা; তবে বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য;<br>(ঘ) সিষ্টেম এনালাইসিসে প্রমাণিত দক্ষতা। |
| ২। | প্রোগ্রামার | | ১। ৫০% সহকারী প্রোগ্রামার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>সহকারী প্রোগ্রামার পদে ৭(সাত) বছরের অভিজ্ঞতা, তবে বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য; |
| | | ২৭—৩৫ বৎসর | ২। ৫০% পদ সরাসরি নিয়োগ বা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা, গণিত, পরিসংখ্যান, অর্থনীতি, বাণিজ্য, সমাজবিজ্ঞান বা ব্যবসায় প্রশাসনে মাষ্টার ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী; |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (খ) পেশাগত কম্পিউটার সোসাইটির সদস্য হইতে হইবে ; (গ) কোন সংস্থার সহকারী প্রোগ্রামার হিসাবে বা প্রোগ্রামিং কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা, অথবা কম্পিউটার বিজ্ঞানে বা ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রীধারীর ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা। |
| ৩। | সহকারী প্রোগ্রামার | | ১। কম্পিউটার অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে : (ক) কম্পিউটার অপারেটর পদে তিন বৎসরের অভিজ্ঞতা ; (খ) প্রোগ্রামিং-এর জন্য প্রয়োজনীয় এ্যাপটিচুড টেষ্টে পাস করিতে হইবে ; (গ) COBOL FORTRAN, BASIC বা অনুরূপ প্রশিক্ষণ (high level language training) |
| | | ২১—৩০ বৎসর | ২। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ বা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি, সমাজবিজ্ঞান বা ব্যবসায় প্রশাসনে মাষ্টার ডিগ্রী বা ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী ; (খ) প্রোগ্রামিং-এর জন্য প্রয়োজনীয় এ্যাপটিচুড টেষ্টে পাস করিতে হইবে ; (গ) কোন পেশাগত কম্পিউটার সোসাইটির সদস্য হইতে হইবে। |
| ৪। | এ্যাসাইনমেন্ট অফিসার। | ২১—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ; |
| ৫। | কমন সার্ভিস এণ্ড প্রটোকল অফিসার। | ২১—৩০ বৎসর | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। প্রটোকল কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬। | হিসাব রক্ষণ কর্মকর্তা। | .. | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সংস্থাপন মন্ত্রণালয় প্রণীত নিয়োগ বিধি অনুসারে। | .. |
| ৭। | প্রশাসনিক কর্মকর্তা | .. | ১। প্রাথমিকভাবে এই পদের বিপরীতে কর্মরত ২য় শ্রেণীর প্রশাসনিক অফিসারকে নিয়োগের মাধ্যমে। | .. |
| | | | ২। উপরে বর্ণিতরূপে প্রাথমিক নিয়োগ সম্পন্ন হওয়ার পর প্রধান সহকারী, শাখা সহকারী ও সাঁটলিপিকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>এক বা একাধিক ফিডার পদে মোট ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা। |
| | | ২১—৩০ বৎসর] | ৩। পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮। | ফটোগ্রাফার | ২১—৩৫ বৎসর] | [সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা সমমর্যদা সম্পন্ন সরকারী কর্মকর্তা/ফটোগ্রাফারদের প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং ফটোগ্রাফী সংক্রান্ত সার্টিফিকেট কোর্স পাস এবং ফটোগ্রাফার হিসাবে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯। | কম্পট্রোলার | ২১—৩২ বৎসর] | ১। সহকারী কম্পট্রোলার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| | | | |
|---|---|---|---|
| | | ২। পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ও তৎসহ হাউজ হোল্ড কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০। সহকারী পরিচালক (পরিবহণ)। | | ১। অগ্রাধিকার ভিত্তিতে নিম্নোক্তদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(ক) ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট ; এবং<br>(খ) সহকারী ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট। | ১। পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্টের ক্ষেত্রে উক্ত পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা অথবা ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট ও সহকারী ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট পদে ৮ বছরের অভিজ্ঞতা ;<br>(খ) সহকারী ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্টের ক্ষেত্রে উক্ত পদে কমপক্ষে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা। |
| | ২১—৩৫ বৎসর (উচ্চতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)। | ২। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ও তৎসহ কোন অফিসে পরিবহন সংক্রান্ত শাখায় অফিসার পদে ৩ (তিন) বৎসর চাকুরীর অভিজ্ঞতা ; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী ও তৎসহ কোন অফিসের পরিবহন পুল-ব্যবস্থাপনায় ৭ (সাত) বৎসর চাকুরীর অভিজ্ঞতা এবং কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে অটোমোবাইলে ডিপ্লোমা বা ট্রেড কোর্স পাস, এবং অফিস প্রশাসনের কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১। | ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট। | ২১—৩৫ বৎসর, যোগ্যতম প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ১। সহকারী ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে ; ২। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী ও তৎসহ কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে অটোমোবাইল ট্রেড কোর্স পাস ও পরিবহণ সংক্রান্ত কাজে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| ১২। | সহকারী কম্পট্রোলার। | ২১—৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী ও তৎসহ হাউজহোল্ড কাজে কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। হোটেল ম্যানেজমেন্ট ও ক্যাটারিং-এ ডিপ্লোমাধারীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ১৩। | লাইব্রেরীয়ান | ১৮—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে কমপক্ষে ২য় শ্রেণীসহ স্নাতকোত্তর ডিগ্রীসম্পন্ন হইতে হইবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং গ্রন্থাগারের কাজে দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪। | ফটোগ্রাফার (মাইক্রোগ্রাফিক)। | ২১—৩২ বৎসর | ১। মাইক্রোগ্রাফিক টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে ; ২। পদোন্নতির জন্য যোগ্য কোন প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী ও তৎসহ ফটোগ্রাফীতে ৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | সহকারী ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট। | ২১—৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন ইনষ্টিটিউট হইতে মেকানিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং-এ ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ও তৎসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং অটোমোবাইলে ট্রেডকোর্স পাসসহ প্রশাসনিক কাজে কমপক্ষে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৬। | প্রধান সহকারী | .. | সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সচিবালয়/মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রধান সহকারী (হেড এসিষ্ট্যান্ট) পদের নিয়োগ বিধি, ১৯৮৬ অনুসারে। | |
| ১৭। | কম্পিউটার অপারেটর | .. | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুসারে। | |
| ১৮। | হিসাব রক্ষক | | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নিয়োগ বিধি অনুসারে। | |
| ১৯। | মাইক্রোগ্রাফিক টেকনিশিয়ান। | ১৮—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাস ও তৎসহ মাইক্রোগ্রাফিক যন্ত্রপাতি ব্যবহার ও প্রাথমিক মেরামতের জ্ঞান থাকিতে হইবে এবং মাইক্রোগ্রাফিক মেশিন চালনায় পারদর্শী হইতে হইবে। |
| ২০। | মেডিক্যাল এ্যাসিসট্যান্ট। | ১৮—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস এবং তৎসহ কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ৩ (তিন) বৎসর মেয়াদী "মেডিক্যাল এ্যাসিসট্যান্ট ডিপ্লোমা" কোর্স পাস। |
| ২১। | মেডিক্যাল টেকনোলজিষ্ট। | ১৮—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস এবং তৎসহ কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ৩(তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-মেডিক্যাল টেকনোলজি (ল্যাবরেটরী) কোর্স পাস। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২২। | ফার্মাসিষ্ট] | ১৮—৩০ বৎসর] | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস এবং তৎসহ কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ৩(তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফার্মাসী কোর্স পাস। |
| ২৩। | শাখা সহকারী | Law Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984, অনুসারে। | | |
| ২৪। | উচ্চমান সহকারী | | ঐ | |
| ২৫। | সাঁটলিপিকার | Stenographers and Stenotypists (Ministries, Divisions and Attached Department) Recruitment Rules, 1978 অনুসারে। | | |
| ২৬। | সহকারী হিসাব রক্ষক। | সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কমকর্তা ও কর্মচারীদের জন্য প্রণীত নিয়োগ বিধি অনুসারে। | | |
| ২৭। | ক্যাটালগার | ১৮—৩০ বৎসর] | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস ও তৎসহ লাইব্রেরী সাইন্স-এ ডিপ্লোমা পাস। |
| ২৮। | হেড ড্রাইভার | .. | সহকারী হেড ড্রাইভার পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং যদি সহকারী হেড ড্রাইভার পদধারীকে উপযুক্ত পাওয়া না যায় তবে গাড়ী চালকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | সহকারী হেড ড্রাইভার পদে ৩ (তিন) বৎসর, অথবা সহকারী হেড ড্রাইভার ও ড্রাইভার পদে ১০ (দশ) বৎসর, অথবা ড্রাইভার পদে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯। | কেয়ার টেকার | ১৮—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় পাস এবং তৎসহ কোন সংস্থার কেয়ার টেকার/সহকারী কেয়ার টেকার বা অনুরূপ পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।<br>অথবা<br>বাংলাদেশ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত নায়েব সুবেদার কিংবা বাংলাদেশ নৌবাহিনী অথবা বিমান বাহিনীর সমমর্যাদাসম্পন্ন কোন অবসর প্রাপ্ত সদস্য। |
| ৩০। | নাজির | ১৮—৩০ বৎসর | ১। নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক এবং গ্যারেজ সুপারভাইজারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>২। পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।<br>২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৩১। | ক্যাশিয়ার | ... | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নিয়োগ বিধি অনুযায়ী। | |
| ৩২। | সাঁট-মুদ্রাক্ষরিক | .. | Stenographers and Stenotypists (Ministries, Divisions and Attached Departments) Rercuitment Rules, 1978 অনুসারে। | |
| ৩৩। | অটো ইলেকট্রি-শিয়ান। | ১৮—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস।<br>অটো ইলেকট্রিশিয়ান হিসাবে কোন প্রতিষ্ঠানে অটো ইলেকট্রি-শিয়ান পদে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৪। | সহকারী হেড ড্রাইভার। | .. | ড্রাইভারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ড্রাইভার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৩৫। | ট্রয়ার্ড | ১৮–৩০ বৎসর | ১। বাটলার পদে কর্মরতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; | | ১। পদোন্নতির ক্ষেত্রে : বাটলার পদে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| | | | ২। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে :— প্রখ্যাত হোটেল বা প্রতিষ্ঠানে ষ্টুয়ার্ড বা অনুরূপ পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা ও তৎসহ কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস। |
| ৩৬। | গ্যারেজ সুপারভাইজার। | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | স্বীকৃত কোন বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস, তৎসহ কোন প্রতিষ্ঠানের যানবাহন সংক্রান্ত শাখায় ৩ (তিন) বৎসর চাকরীর অভিজ্ঞতা। টাইপিং জানা প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৩৭। | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক। | | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এ,স এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি। অনুযায়ী। | | |
| ৩৮। | টেলেক্স অপারেটর। | ২১–৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস ও তৎসহ টেলেক্স অপারেটর-এর কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৯। | ষ্টোরকিপার | ২১–৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস ও তৎসহ ষ্টোরের কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। অটোমোবাইল ষ্টোর সম্পর্কে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাইবেন। |
| ৪০। | মোটর ম্যাকানিক | ১৮–৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং অটোমোবাইল ট্রেড কোর্স পাস ও তৎসহ মোটর ম্যাকানিক হিসাবে কোন স্বনাম ধন্য প্রতিষ্ঠানে ৭ (সাত) বৎসর চাকুরীর অভিজ্ঞতা এবং গাড়ী চালানোর বৈধ লাইসেন্স থাকিতে হইইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪১। | ডেন্টার | ১৮–৩২ বৎসর] | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস ও তৎসহ মোটর গাড়ী ডেন্টিং এর কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪২। | পেইন্টার | ১৮–৩২ বৎসর] | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস। মোটর গাড়ী পেইনটিং এর কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৩। | ওয়েল্ডার | ১৮–৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস। গ্যাস ও ইলেকট্রিক ওয়েলডিং এর কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৪। | ড্রাইভার | ১৮–৩০ বৎসর | ১। মোটর ক্লিনারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>২। পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে :— মোটর ক্লিনার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা ও তৎসহ ভারী যানবাহন চালানোর জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে।<br>২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—অষ্টম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালানোর লাইসেন্সসহ ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৫। | সেফ | ২১–৩৫ বৎসর, উচ্চতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিল যোগ্য। | ১। কুকমেট ও সহকারী বাটলারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>২। পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে :—এক বা একাধিক ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।<br>২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : —খ্যাতনামা কোন হোটেল বা প্রতিষ্ঠানে দেশী এবং বিদেশী খাবার রান্নার কাজে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা এবং তৎসহ অষ্টম শ্রেণী পাস। |
| ৪৬। | ফটোল্যাব সহকারী | ২১–৩২ বৎসর] | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস ও তৎসহ ফটোল্যাব সহকারী হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৭। | মার্কেটম্যান | ১৮–৩০ বৎসর] | ১। কুক, কুকমেট ও সহকারী বাটলারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে :—এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | ২। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে:—কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস এবং তৎসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৮। | বাটলার | ২১-৩৩ বৎসর | ১। সহকারী বাটলার হইতে পদোন্নতির মাধ্যমে; | | ১। পদোন্নতির ক্ষেত্রে:—সহকারী বাটলার পদে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| | | | ২। পদোন্নতির অন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে:—কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস ও তৎসহ কোন প্রখ্যাত হোটেলে বা অনুরূপ প্রতিষ্ঠানে ৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৯। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর। | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ অনুসারে। | | | |
| ৫০। | ডেসপাচ রাইডার | | | | ঐ |
| ৫১। | দপ্তরী | | | | ঐ |
| ৫২। | ক্যাশ সরকার | মন্ত্রণালয়/বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নিয়োগ বিধি অনুযায়ী। | | | |
| ৫৩। | সহকারী বাটলার] | | ১। আবদার, খিদমতগার, পেন্ট্রিম্যানদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | | ১। পদোন্নতির ক্ষেত্রে:—এক বা একাধিক ফিডার পদে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| | | ১৮-৩০ বৎসর | ২। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে] সরাসরি নিয়োগের মাধ্যমে। | | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে:—কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস এবং কোন হোটেল বা অনুরূপ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| । কুক | ১৮–৩০ বৎসর উচ্চতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য। | ১। কুকমেটদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>২। পদোন্নতির জন্য যোগ্য কোন প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | | ১। পদোন্নতির ক্ষেত্রে :—ফিডার পদে বৎসরের অভিজ্ঞতা ও তৎসহ দেশী/বিদেশী খাদ্য সা. রান্নায় পারদর্শী হইতে হইবে।<br>২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে :— অষ্টম শ্রেণী পাস হইতে হইবে এবং তৎসহ খ্যাতনামা হোটেল/রেস্তোরা বা অনুরূপ প্রতিষ্ঠানে কুক হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা ও সেই সংগে দেশী ও বিদেশী খাদ্য সামগ্রী রান্নায় পারদর্শী হইতে হইবে। |
| ৫৫। কুকমেট | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫৬। পাম্পম্যান | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং পেট্রোল পাম্পের কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫৭। এম, এল, এস, এস | | নিম্নমান সহকারী-তথ্য-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ অনুসারে। | | |
| ৫৮। চাপরাশী | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস ও তৎসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ৫৯। আবদার | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস ও তৎসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৬০। পেট্রিম্যান | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস ও তৎসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬১। | সিলভারম্যান | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস ও তৎসহ সংশ্লিষ্ট কাজে কর্মপক্ষে দুই বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৬২। | খিদমতগার | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস ও তৎসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাইবেন। |
| ৬৩। | মশালচী | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস ও তৎসহ সংশ্লিষ্ট লাইনে অভিজ্ঞতা। |
| ৬৪। | মোটর ক্লিনার | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট লাইনে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬৫। | ক্ষৌরকার | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস ও তৎসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬৬। | সুইপার | ১৮–৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে পঞ্চম শ্রেণী পাস। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আ, ন, ম, ইউসুফ
মুখ্য সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।